

নীলফামারী সরকারি কলেজ

কলেজ কর্তৃক শিক্ষার্থী ও অভিভাবকের প্রতি নির্দেশনা

প্রিয় শিক্ষার্থী এবং সম্মানিত অভিভাবকঃ

নীলফামারী সরকারি কলেজে আপনাকে এবং আপনার সন্তানকে স্বাগতম। নিচে উল্লেখিত ভর্তি পরবর্তী ক্লাস, পরীক্ষা এবং এ সম্পর্কিত যাবতীয় নিয়মাবলী অনুগ্রহপূর্বক ভালভাবে পড়ুন এবং আপনি ও আপনার সন্তান সম্মত হলে স্বাক্ষর করুন।

শিক্ষার্থীর প্রতি নির্দেশনাঃ

১। নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে হবে। উপস্থিতি সন্তোষজনক না হলে একাদশ বা দ্বাদশ শ্রেণির কোন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। একাদশ বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ না করলে কিংবা অকৃতকার্য হলে দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ হতে পারবে না। একইভাবে দ্বাদশ শ্রেণির অভ্যন্তরীণ পরীক্ষাসমূহে অংশগ্রহণ না করলে কিংবা অকৃতকার্য হলে এইচ.এস.সি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

২। প্রতিনিয়ত কলেজে ক্লাস, পরীক্ষা, ফরমপূরণ, ফলাফল, বৃত্তি, উপবৃত্তি, জাতীয় দিবস উদযাপনসহ যাবতীয় কার্যক্রম নোটিশ বোর্ড, কলেজের ওয়েবসাইট এবং প্রযোজ্য ক্ষেত্রে মোবাইলে মেসেজ পাঠানো হয়। বিধায় প্রতিদিন নোটিশ বোর্ড, ওয়েবসাইট এবং মোবাইল মেসেজ সার্চ করা তোমার দায়িত্ব।

৩। ভর্তি পরবর্তী বিষয় নির্বাচনে (বিজ্ঞান ও মানবিক) তোমাকে সাবধানতা অবলম্বন করতে হবে।

৩। প্রতিটি জাতীয় দিবস উদযাপন করা তোমার রাষ্ট্রীয় দায়িত্ব।

৪। শিক্ষক, কর্মচারী এবং সহপাঠীদের সঙ্গে তোমার আচরণ পরিশীলিত হওয়া বাঞ্ছনীয়।

৫। তোমার এবং তোমার অভিভাবকের মোবাইল ফোন নম্বর সচল রাখতে হবে এবং এই নম্বর পরিবর্তন করা যাবে না।

৬। ড্রাইভিং লাইসেন্স এবং রেজিস্ট্রেশন নম্বর ছাড়া ক্যাম্পাসে মটর সাইকেল নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ।

৭। কলেজ ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখা তোমার দায়িত্ব। সুতরাং যত্র তত্র আবর্জনা না ফেলে কেবল নির্ধারিত স্থানেই আবর্জনা ফেলবে।

৮। ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ

শিক্ষার্থীর স্বাক্ষর

অভিভাবকবৃন্দের প্রতি নির্দেশনাঃ

- ১। আপনার সন্তান কলেজে নিয়মিত আসছে কি না এ বিষয়ে নজরদারি করার দায়িত্ব আপনার।
- ৩। ক্লাস রুটিন, পরীক্ষার রুটিন, পরীক্ষার ফলাফল এবং আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য কলেজের যাবতীয় তথ্য সংগ্রহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৪। আপনার সন্তান সমাজে অনাকাঙ্খিত কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে কিনা এ বিষয়ে আপনাকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৫। আপনার সন্তানের উপস্থিতি সন্তোষজনক না হলে কিংবা পরীক্ষায় অকৃতকার্য হলে কলেজ কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নেবে তা মেনে নেয়া এবং তার প্রতি সম্মান দেখানো আপনার কর্তব্য। এ বিষয়ে আপনি নিজে কিংবা কারো মাধ্যমে সুপারিশ না করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৬। ড্রাইভিং লাইসেন্স এবং রেজিস্ট্রেশন নম্বর ছাড়া ক্যাম্পাসে মটর সাইকেল নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ। যেহেতু আপনার সন্তানের এই বয়সে ড্রাইভিং লাইসেন্স পাওয়া সম্ভব নয় তাই কোন অবস্থাতেই আপনার সন্তানের হাতে মটর সাইকেল দেবেন না।
- ৭। কলেজের যাবতীয় নিয়ম কানুন মেনে চলার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করা আপনার দায়িত্ব।

অভিভাবকের স্বাক্ষর